তারিখ ...09 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

২

দৈনিক ইত্তেফাক

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় ৩৭ কোটি টাকার বাজেট

॥ রেজাদুর রহমান ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী অর্থ বছরের জন্য প্রায় ২ কোটি টাকার ঘাটতিসহ ৩৬ কোটি ৭৬

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

লক্ষ ৫৯ হাজার ৪৭৭ টাকার বাজেট প্রণয়ন করা হইয়াছে। ১৮ই জুন সিনেটের বার্ষিক সাধারণ সভায় এই বাজেট উপস্থাপন করা হইবে।

গত অর্থ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাজেটের পরিমাণ ছিল প্রায় ৩৫ কোটি টাকা। আগামী অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে সরকার হইতে ২৯ কোটি ৬০ লক্ষ টাকা (শতকরা ৮৪.৫০) এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে ৫ কোটি ৪৩ লক্ষ ১১ হাজার টাকা (শতকরা ১৫.৫০) পাওয়া যাইবে।

এবারের বাজেটে শিক্ষকদের বেতন বাবদ ১০ কোটি ৪১ লক্ষ ২৭ হাজার ১০ টাকা ব্যয় ধরা হইয়াছে। ইহা মূল বরাদ্দের শতকরা ২৮ দশমিক ৩২ ভাগ। পরীক্ষা ব্যয়বাবদ ধরা হইয়াছে ২ কোটি ৪০ লক্ষ ৮১ হাজার টাকা। ইহা মূল বরাদ্দের শতকরা ৬ দশমিক ৫৫ ভাগ। গবেষণা বাবদ ৮৭ লক্ষ, শিক্ষার মানোন্নয়ন বাবদ ৪০ লক্ষ, ছাত্রবৃত্তি বাবদ ৩১ লক্ষ ৬ হাজার টাকা ব্যয় করা হইয়াছে। ইহা ছাড়া প্রাকটিক্যাল ট্রেনিং বাবদ ১৩ লক্ষ টাকা, (শতকরা দশমিক ৩৬ ভাগ), প্রশাসনিক কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ ৩ কোটি ৫৪ লক্ষ ৪৮ হাজার টাকা (শতকরা ৯ দশমিক ৬৪), চিকিৎসা বাবদ ২৮ লক্ষ ১৫ হাজার টাকা (শতকরা দশমিক ৭৭ ভাগ), ভবন রক্ষণাবেক্ষণ বাবদ ১ কোটি ৪৫ লক্ষ ৭৮ হাজার টাকা (শতকরা ৩ দশমিক ৯৭) এবং অন্যান্য ব্যয় বাবদ ৮ কোটি ১১ লক্ষ ৫৩ হাজার টাকা ব্যয় ধরা হইয়াছে।

বাজেটে ঘাটতির প্রায় ২ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ মঞ্জুরীর জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অনুরোধ জানানো হইবে।